

তারিখ ... ..  
পৃষ্ঠা ... কলাম ...

**কৃষি বিশ্ববিদ্যালয়ের সাথে  
অবশেষে 'বাংলাদেশ' শব্দ  
সংযোজনের সিদ্ধান্ত**

বাকুবি সংবাদদাতা (ময়মনসিংহ) :  
অবশেষে -মন্ত্রিপরিষদ কৃষি বিশ্ববিদ্যালয়ের  
নামের সাথে 'বাংলাদেশ' শব্দ সংযোজনের  
নীতিগত সিদ্ধান্ত গ্রহণ করেছে। বাংলাদেশ  
কৃষি বিশ্ববিদ্যালয়ে থাজুয়েট ট্রেনিং  
ইনস্টিটিউট (জিটিআই) এাস্তি তেরীকালে  
বাকুবি হতে 'বাংলাদেশ' শব্দটি বাদ পড়ে।  
পরবর্তীতে প্রো-ডাইস চ্যাসেলর পদ সৃষ্টি  
করতে গিয়েও তা সংশোধন করা হয়নি। এ  
বছর ১৪ জানুয়ারী মন্ত্রিপরিষদের সভায় 'দি  
এগ্রিকালচারাল ইউনিভার্সিটি'র পূর্বে  
'ময়মনসিংহ' সংযোজনের সংবাদে বাকুবিতে  
তুলকালাম কাও ঘটে।

গত ১৪ মার্চ মন্ত্রিপরিষদের সভার সিদ্ধান্ত  
বাকুবি'র রেজিস্ট্রারকে অবহিত করা হয়েছে।  
এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারির বিষয়টি  
মন্ত্রণালয়ের প্রক্রিয়াধীন রয়েছে। বাকুবি'র  
ভিসি প্রফেসর মুঃ মুস্তাফিজুর রহমান  
সাংবাদিক ও ছাত্রদের এ সংবাদ জানালে  
সর্বত্র আনন্দের বন্যা বয়ে যায়।  
(শনিবার) ছাত্ররা আনন্দ মিছিল বের করবে।

**প্রেসিডেন্ট ও শিক্ষামন্ত্রী বাকুবিতে  
আসছেন**

প্রেসিডেন্ট ও চ্যাসেলর প্রফেসর একিউএম  
বদরুদ্দোজা চৌধুরী ও শিক্ষামন্ত্রী এবং  
বাকুবি'র প্রাক্তন প্রফেসর ডঃ মোঃ ওসমান  
ফারুক আগামী ৬ এপ্রিল বাকুবিতে  
আসছেন। বাকুবি গবেষণা সিস্টেমের  
(বায়ুরেস) একটি অনুষ্ঠানে তাদের  
আগমনকে কেন্দ্র করে বিশ্ববিদ্যালয়ের সর্বত্র  
সাজ সাজ অবস্থা বিরাজ করছে।